

# বিজ্ঞপ্তি

তারিখ: ২২-১০-২০২০ খ্রি.

অত্র বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র, শিক্ষক ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গত ১০-১০-২০২০ থেকে ১৭-১০-২০২০ তারিখ পর্যন্ত অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের গুগল ক্লাসরুমে অনলাইনভিত্তিক পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল প্রস্তুত করা সহ যাবতীয় কাজ বেশ সফলভাবে সম্পন্ন হয়েছে। সম্পূর্ণ একটি নতুন মাধ্যমে মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করার কারণে অনেকেরই এর সাথে নতুনভাবে পরিচিত হওয়ার সুযোগ হয়েছে, আবার কারো কারো প্রক্রিয়াটি বুঝতে দেরি হয়েছে, তাছাড়া অতি অল্পসংখ্যক শিক্ষার্থীর যান্ত্রিক ও কারিগরি গোলযোগ, বৈদ্যুতিক গোলযোগ তথা আধুনিক প্রযুক্তিগত সীমাবদ্ধতা বা ধারণার স্বল্পতা বা ঘাটতি থাকায় উত্তরপত্র সাবমিট করতে না পারায় ফলাফলে কিছুটা বিচ্যুতি ঘটেছে, যা পরবর্তীতে সহানুভূতির সাথে বিবেচনায় নেয়া হবে। যেহেতু প্রোগ্রামটি একটি পাইলটিং প্রজেক্টের আওতায় করা হয়েছে, তাই এতে কারো হতাশ হওয়ার কিছু নাই। তবে আশার কথা হচ্ছে, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক/অভিভাবিকাগণের আন্তরিক সহযোগিতায় বৈশ্বিক এই করোনা মহামারীতেও আমরা শিক্ষা কার্যক্রম সফলতার সাথে চালিয়ে যেতে সক্ষম হয়েছি। এই পরীক্ষায় যারা ভালো করেছো, তোমাদেরকে অভিনন্দন জানাই। আর যারা আশানুরূপ ফল লাভ করতে পারো নি, তোমরা পরবর্তী সময়ের শ্রেণি কার্যক্রমে মনোনিবেশ করে ঘাটতি পুষিয়ে নিতে সচেষ্ট হবে বলে আশা রাখি।

মো: আবু সাঈদ ভূঁইয়া

প্রধান শিক্ষক

গবর্নমেন্ট ল্যাভরেটরি হাই স্কুল

ঢাকা-১২০৫